মেহেরপুর পৌর যুবদল ও ছাত্রদলের নেতৃত্বে কুতুবপুরে নির্বাচনী প্রচারণা

মেহেরপুর পৌর যুবদল ও ছাত্রদলের নেতৃত্বে মাসুদ অরুনের পক্ষে ধানের শীষের নির্বাচনী প্রচারণা অনুষ্ঠিত হয়েছে।

মেহেরপুর-১ আসনের ধানের শীষের প্রার্থী মাসুদ অরুনের দিকনির্দেশনা ও পরামর্শে প্রতিদিনের ধারাবাহিক ওয়ার্ডভিত্তিক কর্মসূচির অংশ হিসেবে মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের ৭ নং ওয়ার্ডে বুধবার বিকেলে ধানের শীষের নির্বাচনী প্রচারণা, গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

কর্মসূচিতে ছাত্রদলের নেতাকর্মীরা ধানের শীষের পক্ষে স্লোগান দেন, সাধারণ মানুষের মাঝে ধানের শীষ প্রতীকের লিফলেট বিতরণ করেন এবং আসন্ন নির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থীর পক্ষে সমর্থন কামনা করেন।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর যুবদলের সদস্য সচিব নওশেল আহমেদ রনি, যুগ্ম আহবায়ক শিমুল বিশ্বাস, ছাত্রনেতা রাসেল, বিজল, শাকিল, মাহিন, আশিক, স্বপন, মোমিন, নোমান, মনিব, সোহাগ, কানন, সোহান, জয়, দোয়েলসহ বিভিন্ন ওয়ার্ডের যুবদল ও ছাত্রদলের নেতৃবৃন্দ।

মুজিবনগরে দাড়িপাল্লার পক্ষে নারী প্রচারণায় বাধা, অভিযোগ বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে

মেহেরপুরের মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামে দাড়িপাল্লার প্রার্থী তাজউদ্দীন খানের পক্ষে নারী ভোটারদের প্রচারণা

কার্যক্রমে বাধা দেওয়ার অভিযোগ উঠেছে বিএনপি নেতাকর্মীদের বিরুদ্ধে।

স্থানীয় সূত্রে জানা যায়, আজ বুধবার (২৮ জানুয়ারি) সকাল সাড়ে ১০টার দিকে মুজিবনগর উপজেলার যতারপুর গ্রামে ১১ দলীয় জোটের মহিলা বিভাগের নেতৃবৃন্দ দাড়িপাল্লার পক্ষে প্রচারণায় অংশ নিতে গেলে বিএনপির কয়েকজন নেতাকর্মী এতে বাধা দেন।

অভিযোগে উল্লেখ করা হয়, যতারপুর গ্রামের মো. সাগর (পিতা: টগি বিশ্বাস), মো. সাব্দার (পিতা: পাঞ্জু বাঘ), মো. ইশাদুল (পিতা: ইয়াজউদ্দীন), মো. সাবু (পিতা: কছি হাজি), মো. কালু বিশ্বাস (পিতা: মাদার আলী বিশ্বাস)সহ আরও কয়েকজন নেতাকর্মী ব্যারিকেড দিয়ে প্রচারণাকারীদের আটকিয়ে রাখেন এবং গালিগালাজ করেন।

পরবর্তীতে বিষয়টি প্রশাসনকে জানানো হলে দীর্ঘ সময় পর একজন মহিলা ম্যাজিস্ট্রেট ঘটনাস্থলে পৌঁছান। অভিযোগ রয়েছে, ম্যাজিস্ট্রেটের সামনেও অভিযুক্তরা অশালীন আচরণ ও গালিগালাজ করতে থাকেন। এ ঘটনায় সেনাবাহিনীর একটি দল ঘটনাস্থল পরিদর্শন করেছে।

ঘটনার তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন উপজেলা জামায়াতের আমীর মাওলানা খানজাহান আলী। তিনি বলেন, শান্তিপূর্ণ নির্বাচনী পরিবেশ বিনষ্ট করার এমন ঘটনা কোনোভাবেই গ্রহণযোগ্য নয় এবং দোষীদের বিরুদ্ধে দ্রুত আইনগত ব্যবস্থা গ্রহণের দাবি জানান।

মেহেরপুর সরকারি কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত

মেহেরপুর সরকারি কলেজে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার আয়োজন করা হয়েছে। বুধবার সকালে কলেজের খেলার মাঠে এ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবীর বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতায় সভাপতিত্ব করেন। এসময় বিশেষ অতিথি

হিসেবে উপস্থিত ছিলেন অতিরিক্ত জেলা প্রশাসক পার্থ প্রতীম শীল, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মোঃ খাইরুল ইসলাম, অতিরিক্ত পুলিশ সুপার মোহাম্মদ আতিকুল হক, পৌর কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ ফয়েজ মোহাম্মদ প্রমুখ।

এছাড়াও উপস্থিত ছিলেন কলেজের বার্ষিক ক্রীড়া পরিচালনা কমিটির আহ্বায়ক সহযোগী অধ্যাপক মইনুল ইসলাম, অর্থনীতি বিভাগের অধ্যাপক প্রফেসর মোঃ হাবিবুর রহমান, বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক খেজমত আলী মালিথ্যা, রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ ফুয়াদ খান, সহকারী অধ্যাপক মোঃ নাহিদ আনদালিব, মোঃ নাহিদ রেজা, মোঃ আলমগীর হোসেন প্রমুখ।

মেহেরপুর সরকারি কলেজে মোট ১৭টি ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এর মধ্যে উল্লেখযোগ্য ছিল ১০০ মিটার দৌড়, ২০০ মিটার দৌড়, ১৫০০ মিটার দৌড়, লৌহ গোলক নিক্ষেপ, বর্ষা নিক্ষেপ, দীর্ঘ লম্ফ, পিলো পাসিং এবং ‘যেমন খুশি তেমন সাজো’ প্রতিযোগিতা।

এর আগে জাতীয় পতাকা, কলেজ পতাকা ও ক্রীড়া পতাকা উত্তোলনের মাধ্যমে অনুষ্ঠানের সূচনা করা হয়। পরে শপথ গ্রহণ ও মাঠ প্রদক্ষিণের মাধ্যমে আনুষ্ঠানিকভাবে বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতার উদ্বোধন করা হয়।

মেহেরপুর প্রতিদিনের সাথে ইউরোপীয় ইউনিয়ন নির্বাচন পর্যবেক্ষকদের মতবিনিময়

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনকে সামনে রেখে “মেহেরপুর প্রতিদিন” এর সঙ্গে সাক্ষাৎ করেছেন ইউরোপীয় ইউনিয়ন (ইইউ) নির্বাচন পর্যবেক্ষক দলের সদস্য Carlos Maria De Ceron y Castro ও Benedetta Odorisio।

বুধবার সকালে মেহেরপুর প্রতিদিন কার্যালয়ে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়। এ সময় ইউরোপীয় ইউনিয়ন নির্বাচন পর্যবেক্ষক দলের সদস্যরা মেহেরপুর প্রতিদিনের সম্পাদক ইয়াদুল মোমিন এবং ব্যবস্থাপনা সম্পাদক মাহাবুব চান্দুর সঙ্গে নির্বাচনী বিভিন্ন বিষয় নিয়ে মতবিনিময় করেন।

সাক্ষাৎকালে আসন্ন ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচনের সার্বিক প্রস্তুতি, নির্বাচনী পরিবেশ, ভোটারদের অংশগ্রহণ, প্রার্থীদের জন্য সমান সুযোগ নিশ্চিতকরণ এবং একটি অবাধ, সুষ্ঠু ও নিরপেক্ষ নির্বাচন আয়োজনের বিভিন্ন দিক নিয়ে বিস্তারিত আলোচনা করা হয়।

এসময় মেহেরপুর প্রতিদিনের স্টাফ রিপোর্টার সাকিব হাসান রুদ্র, অনলাইন স্টাফ রিপোর্টার ইয়াসির ইউসুফ ইমন, মাল্টিমিডিয়া ডেস্ক ইনচার্জ মোঃ রাফি হাসান উপস্থিত ছিলেন।

দামুড়হুদায় বিএনপির উদ্যোগে ধানের শীষের প্রচারণায় মিছিল

দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপি’র উদ্যোগে ধানের শীষের ভোট প্রার্থনায় প্রচারণা মিছিল অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেল ৪টার সময় দামুড়হুদা সদর ইউনিয়নের ৩নং ওয়ার্ড বিএনপি’র আয়োজনে স্টার ক্লাব মোড় নামক স্থান থেকে এই মিছিল বের হয়ে ওয়ার্ডের সকল পাড়া মহল্লার অলি গলিতে বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপি’র মনোনীত প্রার্থী মাহমুদ হাসান খান বাবুর পক্ষে ধানের শীষ প্রতীকের প্রার্থনা করেন।

দামুড়হুদা উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক মো রফিকুল হাসান তনু, ৩নং ওয়ার্ড বিএনপি’র সভাপতি আশরাফ আলী, সাধারণ সম্পাদক দলু দফাদার এর নেতৃত্বে অনুষ্ঠিত মিছিলে অংশগ্রহণ করেন ৩ নম্বর ওয়ার্ডের সহ-সভাপতি মুনতাজ আলী, দামুড়হুদা উপজেলা যুবদলের সদস্য সচিব মাহাফুজুর রহমান মিল্টন, যুগ্ম আহ্বায়ক আরিফুল ইসলাম আরিফ, উপজেলা মৎস্যজীবী দলের আহ্বায়ক আব্দুল কাদের, উপজেলা ছাত্রদলের

আহ্বায়ক আফজালুল রহমান সবুজ, উপজেলা মৎস্যজীবী দলের সদস্য সচিব আমিরুল ইসলাম সহ অঙ্গ সংগঠনের শত শত নেতৃবৃন্দ।

মিছিলটির সার্বিক সহযোগিতায় ছিলেন, সাবেক ইউপি সদস্য বিএনপি নেতা একরামুল হক।

আলমডাঙ্গায় বারি সরিষা-১৪ এর মাঠ দিবস ও কারিগরি আলোচনা

আলমডাঙ্গা উপজেলায় বাংলাদেশ কৃষি গবেষণা ইনস্টিটিউট (বারি) উদ্ভাবিত উন্নত জাত বারি সরিষা-১৪ এর মাঠ দিবস ও কারিগরি আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেল চারটার দিকে আলমডাঙ্গা উপজেলার বাড়াদী ইউনিয়নের নতিডাঙ্গা গ্রামে এ মাঠ দিবসের আয়োজন করা হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের উপপরিচালক, কৃষিবিদ মাসুদুর রহমান সরকার।

বিশেষ অতিথি ছিলেন, জেলা বীজ প্রত্যয়ন অফিসার কৃষিবিদ মোঃ নূরুল ইসলাম, বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, মনিটরিং অফিসার কৃষিবিদ মোঃ হাসান আলী, বাড়াদী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান মাসুদ পারভেজ, আলমডাঙ্গা প্রেসক্লাবের সভাপতি মোঃ বশিরুল আলম, সিনিয়র সাংবাদিক রহমান মুকুল।

অনুষ্ঠানটি সভাপতিত্ব করেন, উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মাসুদ হোসেন পলাশ। উপস্থিত ছিলেন, কৃষাণ-কৃষানী, উপসহকারী কৃষি কর্মকর্তা দ্বয় এবং স্থানীয় গণ্যমান্য ব্যক্তিবর্গ ।

প্রধান অতিথি বলেন, বারি সরিষা-১৪ একটি উচ্চ ফলনশীল ও স্বল্পমেয়াদি জাত। এই জাতটি রোগবালাই সহনশীল হওয়ায় কৃষকরা সহজেই চাষ করতে পারেন এবং তুলনামূলকভাবে কম খরচে বেশি লাভবান হতে পারেন। এছাড়া এর তেলের পরিমাণও বেশি, যা কৃষকদের জন্য অর্থনৈতিকভাবে লাভজনক।

মাঠ দিবসে উপস্থিত কৃষকদের সরিষা চাষের আধুনিক পদ্ধতি, সঠিক সার ও বালাই ব্যবস্থাপনা, সময়মতো সেচ প্রদান এবং ফসল কর্তনের বিষয়ে বিস্তারিত কারিগরি পরামর্শ প্রদান করা হয়।

মাঠে প্রদর্শিত বারি সরিষা-১৪ এর ফলন দেখে কৃষকরা সন্তোষ প্রকাশ করেন এবং আগ্রহের সঙ্গে প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণ করেন।

স্থানীয় কৃষকরা জানান, এই জাতের সরিষা চাষ করলে স্বল্প সময়ে ভালো ফলন পাওয়া যায় এবং ভবিষ্যতে মাঠ দিবসে উপস্থিত কৃষকদের সরিষা চাষের আধুনিক পদ্ধতি, সঠিক সার ও বালাই ব্যবস্থাপনা, সময়মতো সেচ প্রদান এবং ফসল কর্তনের বিষয়ে বিস্তারিত কারিগরি পরামর্শ প্রদান করা হয়।

মাঠে প্রদর্শিত বারি সরিষা-১৪ এর ফলন দেখে কৃষকরা সন্তোষ প্রকাশ করেন এবং আগ্রহের সঙ্গে প্রশ্নোত্তর পর্বে অংশগ্রহণ করেন।

উপজেলা কৃষি অফিসার কৃষিবিদ মাসুদ হোসেন পলাশ জানান, এই জাতের সরিষা চাষ করলে স্বল্প সময়ে ভালো ফলন পাওয়া যায় এবং ভবিষ্যতে বাণিজ্যিকভাবে বারি সরিষা-১৪ চাষে আগ্রহী হবেন। কৃষকদের উদ্বুদ্ধ করতে ভবিষ্যতেও এ ধরনের মাঠ দিবসের আয়োজন করা হবে।

আলমডাঙ্গা থানা পুলিশের অভিযানে মাদকসহ গ্রেফতার ২

আলমডাঙ্গা থানা পুলিশের মাদক বিরোধী অভিযানে মাদকসহ ২ জন গ্রেফতার হয়েছে।

আলমডাঙ্গা দুর্লভপুর গ্রামের অভিযানে এসআই(নিঃ) মোঃ তোরগুল হাসান সোহাগ, সংগীয় অফিসার নিয়ে পলাতক আসামী শামসুল আলমের ছেলে মোঃ হুদা আলী(৩৮) বসত বাড়ীর রান্না ঘরের সানসেটের উপর হতে গতকাল দুপুরে ১০০ পিচ টাপেন্টাডল ট্যাবলেট উদ্ধার করেন। সে সময় আসামী মোঃ হুদা আলী(৩৮) দৌড়ে পালিয়ে যায়।

অপরদিকে এসআই(নিঃ) মোঃ ওবায়দুল্লাহ আল মামুন সংগীয় অফিসার

ফোর্সসহ ক্যাম্প এলাকায় অভিযান পরিচালনা করে আলমডাঙ্গা থানাধীন রুইতনপুর বাজারস্থ সোনার বাংলা ইঞ্জিনিয়ারিং এ্যান্ড মেসিনারীজ এর দোকানের সামনে পাঁকা রাস্তার উপর হতে গতকাল ইউনোচ আলির ছেলে মোঃ শুকুর আলী(৩৫)’কে ৫০গ্রাম গাঁজা সহ গ্রেফতার করে।

এছাড়াও আলমডাঙ্গা উপজেলার ঘোলদাড়ি ক্যাম্পের এসআই(নিঃ) প্রদীপ বিশ্বাস, ঘোলদাড়ী পুলিশ ক্যাম্পের সংগীয় অফিসার ফোর্সসহ ক্যাম্প এলাকায় অভিযান পরিচালনা করিয়া আলমডাঙ্গা থানাধীন নাগদাহ ইউনিয়নের বলিয়ারপুর বাজারের পাবলিক টয়লেটের সামনে পাঁকা রাস্তার উপর হতে হাসিবুল ইসলামের ছেলে মোঃ আলমগীর হোসেন(৩৫) এর কাছে থেকে গতকাল ৩০(ত্রিশ) পিচ টাপেন্টাডল ট্যাবলেট সহ গ্রেফতার করে। গ্রেফতারকৃত আসামীদের বিরুদ্ধে আলমডাঙ্গা থানায় মামলা রুজু করা হয়েছে।

জাতীয় দৈনিক বর্তমান বাংলা’র চুয়াডাঙ্গা থেকে নিয়োগপ্রাপ্ত হলেন যারা

জাতীয় দৈনিক “বর্তমান বাংলা” র নিয়োগ পেলেন চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি খাইরুল ইসলাম, আলমডাঙ্গা উপজেলা প্রতিনিধি আতিক বিশ্বাস, দামুড়হুদা প্রতিনিধি আরিফুল ইসলাম মিলন, জীবননগর প্রতিনিধি আজিজুল ইসলাম ও দর্শনা প্রতিনিধি নজরুল ইসলাম।

গতকাল মঙ্গলবার বিকেল ৫টার সময় আনুষ্ঠানিকভাবে চুয়াডাঙ্গা জেলা প্রতিনিধি খায়রুল ইসলাম সকলের হাতে দৈনিক বর্তমান বাংলার পরিচয়পত্র (প্রেস কার্ড) হস্তান্তর করেন এবং গলায় পরিয়ে দেন।

দৈনিক বর্তমান বাংলা পত্রিকার উপদেষ্টা সম্পাদক প্রদীপ কুমার হালদার, প্রকাশক ও সম্পাদক হিরণ্ময় দেবনাথ, নির্বাহী সম্পাদক মিন্টু বালা, ব্যবস্থাপনা সম্পাদক মোহাম্মদ সাঈদ হোসেন, বার্তা সম্পাদক মুন্সী নিজামউদ্দিন, প্রশাসনিক কর্মকর্তা সিরাজুল মনির, মফস্বল সম্পাদক নিপুন চন্দ্রসহ সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষের প্রতি

কৃতজ্ঞতা প্রকাশ করেন দৈনিক বর্তমান বাংলার চুয়াডাঙ্গা জেলা পরিবারের নবনিযুক্ত সদস্যবৃন্দ।

তিনি বলেন, “দায়িত্বশীল ও বস্তুনিষ্ঠ সাংবাদিকতার মাধ্যমে দামুড়হুদা উপজেলার সার্বিক উন্নয়ন, সমস্যা ও সম্ভাবনার কথা জাতীয় পর্যায়ে তুলে ধরতে আমি সর্বোচ্চ চেষ্টা করবো।”

স্থানীয় সাংবাদিক মহল ও সুধীজনরা তাদের এই নিয়োগে সন্তোষ প্রকাশ করে অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন।

মেহেরপুর পৌর যু্বদল ও ছাত্রদলের নেতৃত্বে দুটি ওয়ার্ডে নির্বাচনী প্রচারণা

মেহেরপুর পৌর যু্বদল ও ছাত্রদলের নেতৃত্বে মাসুদ অরুনের পক্ষে ধানের শীষের নির্বাচনী প্রচারণা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল মঙ্গলবার বিকেলে পৌরসভার ৫ ও ৬নং ওয়ার্ডে মাসুদ অরুনের পক্ষে ধানের শীষের নির্বাচনী প্রচারণা, গণসংযোগ ও লিফলেট বিতরণ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

কর্মসূচিতে যুবদল ও ছাত্রদলের নেতাকর্মীরা ধানের শীষের পক্ষে স্লোগান দেন, সাধারণ মানুষের মাঝে ধানের শীষ প্রতীকের লিফলেট বিতরণ করেন এবং আসন্ন নির্বাচনে বিএনপি মনোনীত প্রার্থীর পক্ষে সমর্থন কামনা করেন।

এসময় উপস্থিত ছিলেন মেহেরপুর পৌর যুবদলের সদস্য সচিব নওশেল আহমেদ রনি, যুগ্ম আহবায়ক শিমুল বিশ্বাস,যুবনেতা নাহিদ মাহাবুব সানী, হিরক ও চঞ্চল, পৌর ছাত্রদলের সদস্য সচিব জারজিস ইউসুফ রমিকসহ বিভিন্ন ওয়ার্ডের যুবদল ও ছাত্রদলের নেতৃবৃন্দ।

মহেশপুর সীমান্ত থেকে মদ ও ইয়াবা আটক

ঝিনাইদহের মহেশপুর সীমান্তের কাছে মদ ও ইয়াবা আটক করেছে মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)’র একটি টহল দল।

মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি)’র সহকারী পরিচালক মুন্সী ইমদাদুর রহমানের স্বাক্ষরিত বিজিবি’র এক প্রেস বিজ্ঞপ্তিতে জানাযায়, মঙ্গলবার (২৭ জানুয়ারি) আনুমানিক ৭.৫০মিনিটের সময় মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ মাটিলা বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার-৫২/১০-এস হতে আনুমানিক ২০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে মাটিলা মাঠপাড়া গ্রামের মোঃ জাহাঙ্গীর আলম এর ড্রাগন বাগানের মধ্যে হতে হাবিলদার মোঃ শহিদুল ইসলাম এর নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসামীবিহীন ৩৩ বোতল ভারতীয় মদ উদ্ধার করা হয়।

এছাড়া গত ২৬ জানুয়ারি আনুমানিক ২১.৩৫ ঘটিকায় মহেশপুর ব্যাটালিয়ন (৫৮ বিজিবি) এর অধীনস্থ গশেপুর বিওপি’র দায়িত্বপূর্ণ এলাকার সীমান্ত পিলার-৬৭ এমপি হতে আনুমানিক ৩০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে গোয়ালপাড়া গ্রামের ঘাটপাড়া নামক স্থানে মোঃ শাহজাহান এর চায়ের দোকানের সামনে ইটের হেয়ারিং রাস্তার উপর হতে হাবিলদার সঞ্জয় কুমার সিংহ এর নেতৃত্বে মাদক বিরোধী অভিযান পরিচালনা করে আসামীবিহীন ৭৩ পিচ ভারতীয় ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়।